ফোন ঃ ৮৮০২২২২৩০০৭৬
e-mail ঃ dir.discipline.bwdb@gmail.com

গোপনীয়

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, (পান্থপথ) ঢাকা-১২০৫

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১২৭ তারিখঃ ২৬-১২-২০২১ খ্রিঃ।

**দপ্তরাদেশ**

জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) (আইডি নং-৬৫১১০১০০২), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা (বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা) এর বিরুদ্ধে জনাবা পপি আক্তার (২৫), পিতা-মোঃ মাইন উদ্দিন কর্তৃক গত ইং-২৯/১০/২০২০খ্রিঃ তারিখ ঢাকা মেট্রোপলিটন আদালত নং-১৪, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, ঢাকা এর আদালতে দাখিলকৃত আর্জির প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুযায়ী অফিসার্স ইনচার্জ, ধানমন্ডি মডেল থানা ২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনের ৮(১)/৮(২) ধারায় ডিএমপি এর ধানমন্ডি থানায় এফআইআর দায়ের করেন। পরবর্তীতে তদন্তকারী কর্মকর্তা, ধানমন্ডি মডেল থানা যাবতীয় তদন্ত কার্যক্রম গ্রহণ করতঃ এবং বিশেষজ্ঞ এর মতামত প্রাপ্ত হয়ে আসামী জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) (আইডি নং-৬৫১১০১০০২), খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা (বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা) এর বিরুদ্ধে বাদীনী কর্তৃক আনীত অভিযোগের সত্যতা নিশ্চিত হয়ে উক্ত আসামীর বিরুদ্ধে তিনি চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকায় সিএস নং-৪৮ তারিখঃ ৩০-০৪-২০২১খ্রিঃ (চার্জশীট) মূলে বিজ্ঞ আদালতে পুলিশ প্রতিবেদন দাখিল করেন এবং আদালত কর্তৃক তা গৃহীত হয়েছে। অতিঃ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর ২১-১০-২০২১খ্রিঃ তারিখের পরোয়ানা ফেরত পত্রে তিনি উক্ত মামলায় জামিনে আছেন মর্মে উল্লেখ করেন।

২। এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) ও প্রবিধান-৬৮, বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি ৭৩ নোট ১ ও ২, তদানীন্তণ মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের ২১-০১-১৯৭৮ তারিখের ED(Reg-VI)S/123/78-115(500) নম্বর অফিস স্মারক, রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯/০২/১৯৮৯ তারিখের রাস/জানি(দুদ)/ঢা-১/(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নম্বর সার্কুলার এবং সরকারী চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা মোতাবেক তাকে জামিন প্রাপ্তির তারিখ অর্থাৎ ২১-১০-২০২১খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৫) মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন ।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০৩.২১-১২৭(২০) তারিখঃ ২৬-১২-২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ৪১০-৪১৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৩. প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।
৪. সচিব, বাপাউবো, ঢাকা/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা।
৫. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. জনাব মোঃ আনিছুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক) (সাময়িক বরখাস্তকৃত), তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, খুলনা (সাবেক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা যান্ত্রিক সার্কেল, বাপাউবো, খুলনা)।
৯. উপ-সচিব (প্রশাসন), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
১০. উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, ড্রেজার/যান্ত্রিক, বাপাউবো, নারায়ণগঞ্জ/তেজগাঁও, ঢাকা/খুলনা।
১১. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

২৬/১২/২০২১
(ফজলুল করিম)
উপপরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৪০৩১১০০১